রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৮, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা-১

প্রজ্ঞাপন

ঢাকা, ২২শে ভাদ্র, ১৩৯৪/৮ই সেপ্টেম্বর, ১৯৮৭

নং এস,আর,ও-১৮৫-আইন/৮৭/অম/আসবি-১/২০/৮৫(ষ্ট্যাম্প)—Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (LXXI of 1974) এর Section 3তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা ষ্ট্যাম্প-শুল্ক (ফেরৎ) বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "এ্যাক্ট" অর্থ Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (LXXI of 1974);

(খ) "কালেক্টর" অর্থ Stamp Act, 1899 (II of 1899) এ সংজ্ঞায়িত কোন জেলার Collector;

(গ) "প্রাপক" বলিতে এ্যাক্টের অধীনে যিনি ষ্ট্যাম্প-শুল্ক প্রদান করিয়াছেন বা যাঁহার পক্ষে উক্ত শুল্ক প্রদান করা হইয়াছে তাঁহাকে বুঝাইবে।

৩। **শুল্ক পরিশোধ।**—(১) এ্যাক্টের অধীন রেজিষ্ট্রীযোগ্য কোন দলিল রেজিষ্ট্রী করা না হইলে তজ্জন্য নগদ বা চালানের মাধ্যমে প্রদত্ত ষ্ট্যাম্প-শুল্ক প্রাপকের নিকট ফেরৎ দেওয়া যাইবে।



মূল্য : ৩০ পয়সা

(২) উপ-ধারা (১)এ উল্লিখিত ষ্ট্যাম্প-শুল্ক ফেরত দেওয়ার জন্য প্রাপক কালেক্টরের নিকট আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন আবেদন পত্রের সহিত ষ্ট্যাম্প-শুল্ক প্রদানকারী চালানের মূল কপি বা ক্ষেত্রমত, ষ্ট্যাম্প-শুল্ক গ্রহণকারী রেজিষ্ট্রী অফিসার কর্তৃক ইস্যুকৃত রশিদের মূল কপি সংযোজিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীনে পেশকৃত কোন আবেদনপত্র গৃহীত হইবে না, যদি ষ্ট্যাম্প-শুল্ক প্রদানের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে উহা পেশ করা না হয় এবং আবেদন পত্রে দলিল রেজিষ্ট্রী না হওয়ার কারণ স্পষ্টভাবে উল্লেখ করা না হয়।

(৫) দাবীকৃত অর্থ চালানের মাধ্যমে প্রদান করা হইয়াছে কিনা এবং পরবর্তীতে উহা ফেরত দেওয়া হইয়াছে কিনা উহা সঠিকভাবে জানার জন্য কালেক্টর সংশ্লিষ্ট ট্রেজারী অফিসারের নিকট হইতে প্রতিবেদন চাহিয়া পাঠাইবেন।

(৬) দাবীকৃত অর্থ চালানের মাধ্যমে প্রদান এবং উক্ত অর্থ ফেরত না দেওয়া সম্পর্কে রেজিষ্ট্রী অফিসারের নিকট হইতে উপ-বিধি (৫) এর অধীন প্রতিবেদন পাওয়ার পর কালেক্টর, এ ব্যাপারে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অন্যান্য তদন্ত শেষে, ষ্ট্যাম্প-শুল্ক ফেরত দেওয়ার নির্দেশ প্রদান করিতে পারেন।

৪। **ভূতাপেক্ষ কার্যকরতা।**—এই বিধিমালায় যাহাই থাকুক না কেন, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন প্রাপক ষ্ট্যাম্প-শুল্ক প্রদান করিয়া থাকিলে তিনি অনুরূপ প্রবর্তনের দুই বৎসরের মধ্যে, এই বিধিমালার অধীনে ষ্ট্যাম্প-শুল্ক হিসাবে প্রদত্ত অর্থ ফেরত পাইবার জন্য আবেদন করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ নুরুল ইসলাম

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।